(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৫.২২.১০২

বিষয়: **বাংলাদেশ বনাম শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের মধ্যকার ০৩টি টি-২০, ০৩টি একদিনের আন্তর্জাতিক (ODI) ও ০২টি টেস্ট ক্রিকেট খেলার ধারাবিবরণী সরাসরি সম্প্রচার।**

সূত্র: বাংলাদেশ বেতার, বাণিজ্যিক কার্যক্রমের ১৮-০২-২০২৪ তারিখের পত্র নম্বর -১৫.৫৩.০০০০.১১৪.৫৭.০৫৪.২৩.৭৪৩

আগামী ০৪ মার্চ সোমবার ২০২৪ থেকে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট এবং জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম চট্টগ্রামে বাংলাদেশ বনাম শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের মধ্যকার ০৩টি টি-২০, ০৩টি একদিনের আন্তর্জাতিক (ODI) ও ০২টি টেস্ট ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে। উল্লিখিত খেলার চলতি ধারাবিবরণী বাংলাদেশ বেতার থেকে নিম্ন বর্ণিত তারিখ, সময় ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী সরাসরি সম্প্রচার হবে।

**ম্যাচ বিবরণী : বাংলাদেশ বনাম শ্রীলংকা**

| নং | তারিখ ও বার | প্রকৃতি | দলের নাম | সময় | ভেন্যু | ফ্রিকোয়েন্সি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ০৪-০৩-২০২৪ সোমবার | টি-২০ | বাংলাদেশ বনাম শ্রীলংকা | সন্ধ্যা ৬:০০ মি. | সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট | বাণিজ্যিক কার্যক্রম, মধ্যম তরঙ্গ ৬৩০ কিলোহার্জ, এফএম ১০৪ ও ৯০ মেগাহার্জ, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফএম ৮৮.৮ মেগাহার্জ, এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে (লাইভ স্ট্রিমিং) বিটিসিএল লাইন /DSNG/CODEC এর মাধ্যমে সরাসরি সম্প্রচার হবে। এছাড়া বাংলাদেশ বেতার, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট ও রংপুর এফএম ৮৮.৮ মেগাহার্জ, কক্সবাজার ও নওয়াপাড়া যশোর এফএম ১০০.৮ মেগাহার্জ, বরিশাল এফএম ১০৫.২ মেগাহার্জ, ঠাকুরগাঁও, ময়মনসিংহ, গোপালগঞ্জ ও বান্দরবান এফএম ৯২.০ মেগাহার্জ, কুমিল্লা এফএম ১০৩.৬ মেগাহার্জ, এবং রাঙ্গামাটি ১০৩.২ মেগাহার্জ এ উক্ত খেলার চলতি ধারাবিবরণী একযোগে রিলে হবে। |
| ২ | ০৬-০৩-২০২৪ বুধবার | টি-২০ | বাংলাদেশ বনাম শ্রীলংকা | সন্ধ্যা ৬:০০ মি. | সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট | |
| ৩ | ০৯-০৩-২০২৪ শনিবার | টি-২০ | বাংলাদেশ বনাম শ্রীলংকা | বিকাল ৩:০০মি. | সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট | |
| ৪ | ১৩-০৩-২০২৪ বুধবার | ওডিআই | বাংলাদেশ বনাম শ্রীলংকা | বিকাল ২:৩০ মি. | জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম চট্টগ্রাম | |
| ৫ | ১৫-০৩-২০২৪ শুক্রবার | ওডিআই | বাংলাদেশ বনাম শ্রীলংকা | বিকাল ২:৩০ মি. | জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম চট্টগ্রাম | |
| ৬ | ১৮-০৩-২০২৪ সোমবার | ওডিআই | বাংলাদেশ বনাম শ্রীলংকা | সকাল ১০:০০ মি. | জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম চট্টগ্রাম | |
| ৭ | ২২-২৬/০৩-২০২৪ | ১ম টেস্ট | বাংলাদেশ বনাম শ্রীলংকা | সকাল ১০:০০ মি. | সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট | বাণিজ্যিক কার্যক্রম এফএম ১০৪ ও ৯০ মেগাহার্জ ও বাংলাদেশ বেতার সিলেট, চট্টগ্রাম এফএম ৮৮.৮ মেগাহার্জ এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে (লাইভ স্ট্রিমিং) বিটিসিএল লাইন /DSNG/CODEC এর মাধ্যমে সরাসরি সম্প্রচার হবে। |
| ৮ | ৩০ মার্চ-০৩ এপ্রিল-২০২৪ | ২য় টেস্ট | বাংলাদেশ বনাম শ্রীলংকা | সকাল ১০:০০ মি. | জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম চট্টগ্রাম | |

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন হলে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম বাংলাদেশ ক্রিকেট বোর্ড এর সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তনের বিষয়ে সকল পরিচালক/ আঞ্চলিক পরিচালকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন। সংশ্লিষ্ট এফএম ফ্রিকোয়েন্সি থেকে বাংলাদেশ বেতার চট্টগ্রাম কেন্দ্রের দেশব্যাপি এফএম অনুষ্ঠান, যথারীতি প্রচার হবে। বাংলাদেশ বেতার চট্টগ্রাম কেন্দ্রের দেশব্যাপি এফএম অনুষ্ঠান প্রচারকালীন সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের বিকল্প এফএম ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) পূর্ব ঘোষণা দিয়ে উক্ত খেলার ধারাবিবরণী প্রচার হবে। রাষ্ট্রীয় অনুষ্ঠানসমূহ (যদি থাকে) সদর দপ্তরের নির্দেশনা অনুযায়ী উপরোক্ত ফ্রিকোয়েন্সিতে সরাসরি সম্প্রচার হবে, তখন প্রয়োজনবোধে খেলার ধারাবিবরণী প্রচার বন্ধ থাকবে। ট্রাফিক সম্প্রচার কার্যক্রম হতে রাত ৮.৩০ মিনিটের সংবাদ যথারীতি প্রচার হবে।

৩। খেলা প্রচারকালীন সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। খেলার ধারাবিবরণী প্রচারকালীন সংশ্লিষ্ট ট্রান্সমিটার গুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা ধারাবিবরণী প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। উক্ত খেলার ধারাবিবরণী সম্প্রচারকালীন বাণিজ্যিক কার্যক্রম থেকে যথারীতি আযান প্রচারিত হবে। তবে ঢাকা ব্যতীত অন্যান্য আঞ্চলিক কেন্দ্রসমূহ বাণিজ্যিক কার্যক্রমের সাথে সমন্বয় করে স্থানীয় সময়সূচি অনুযায়ী আযান প্রচার করে খেলায় ফিরে যাবে। সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সি থেকে এনএইচকের অনুষ্ঠান যাথারীতি প্রচার হবে।

৫। খেলা সরাসরি সম্প্রচারের জন্য আঞ্চলিক প্রকৌশলী বাংলাদেশ বেতার সিলেট, সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেটে দুইটি (০২) টেলিফোন লাইন (ক্যাজুয়াল) সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং আঞ্চলিক প্রকৌশলী বাংলাদেশ বেতার, চট্টগ্রাম, জহুর আহমেদ চৌধুরী ক্রিকেট স্টেডিয়াম, চট্টগ্রামে দুইটি (০২) টেলিফোন লাইন (ক্যাজুয়াল) সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং স্যাটেলাইটের মাধ্যমে বর্ণিত খেলার ধারাবিবরণী সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রসমূহ পর্যন্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংক্রান্ত ব্যায় স্ব স্ব পরিচালক/ আঞ্চলিক পরিচালকের টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।

৬। আঞ্চলিক প্রকৌশলী বাংলাদেশ বেতার সিলেট এবং আঞ্চলিক প্রকৌশলী বাংলাদেশ বেতার চট্টগ্রাম মাঠ থেকে খেলা সম্প্রচারের জন্য প্রয়োজনীয় সংখ্যক লোকবলকে দাপ্তরিক দায়িত্ব প্রদানসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৭। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতারের তথা সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে খেলার মাঝে প্রচার উপযোগী বিজ্ঞাপন/স্পন্সর সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, খেলার ধারাবিবরণী ম্যাচভেন্যু থেকে খেলা সুষ্ঠুভাবে সম্প্রচারের লক্ষ্যে বাংলাদেশ বেতার চট্টগ্রাম ও সিলেট কেন্দ্রে (প্রয়োজনে) ধারাভাষ্যকার বুকিংসহ প্রেরণ করবেন এবং তাদের টি.এ/ডি.এ/সম্মানী প্রদান করবেন। তবে পরিচালক/আঞ্চলিক পরিচালক চট্টগ্রাম ও সিলেট কেন্দ্র তাদের স্থানীয় ধারাভাষ্যকারদের সম্মানী নিজস্ব খাত থেকে নির্বাহ করবেন। এছাড়া পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, পরিচালক/আঞ্চলিক পরিচালক চট্টগ্রাম ও সিলেট স্ব স্ব ক্ষেত্রে ম্যাচ প্রচারের সঙ্গে সম্পর্কিত সকলের ভেন্যু পাশ সংগ্রহ করবেন।

৯। উক্ত ম্যাচসমূহ জনপ্রিয় করার লক্ষ্যে সংশ্লিষ্ট কেন্দ্র ও ইউনিটের স্ব স্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক ব্যাপকভাবে প্রমো প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র ও ইউনিট প্রধানদের নির্দেশনা প্রদান করা হলো।

১০। খেলার ধারাবিবরণী সম্প্রচারে উদ্ভূত প্রকৌশলগত সমস্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলীগণ সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা-এর সাথে এবং অনুষ্ঠান সম্পর্কিত সমস্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিচালক/ আঞ্চলিক পরিচালকগণ পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগপূর্বক যথাযথভাবে খেলা প্রচার নিশ্চিত করবেন।

১১। বাংলাদেশ বনাম শ্রীলংকা জাতীয় ক্রিকেট দলের প্রতিদিনের খেলার ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব পালন করবেন।

১৩। খেলার ধারাবিবরণী সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য পরিচালক/ আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম ও সিলেট স্ব স্ব ক্ষেত্রে একজন উপ-আঞ্চলিক পরিচালক/ সহকারী পরিচালক (অনুষ্ঠান)-কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করবেন।

১৪। স্থানীয় সংবাদ প্রচারের ক্ষেত্রে আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকের সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা নিবেন।

১৫। সংশ্লিষ্ট কর্মকর্তা-ধারাভাষ্যকারদের ম্যাচ শুরুর ২(দুই) ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট ম্যাচ ভেন্যুতে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা

হলো।

১৬। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৯-০৩-২০২৪
মোঃ ছালাহ উদ্দিন
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)
ফোন:০২-৪৪৮১৩০৬৭
adgprog@betar.gov.bd

পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম বাংলাদেশ বেতার, ঢাকা।

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৫.২২.১০২/১ (১৪)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সভাপতি, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, মিরপুর, ঢাকা;
২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
৩। পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা;
৪। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা/বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম;
৫। সিনিয়র প্রকৌশলী, কারিগরী কার্য, বাংলাদেশ বেতার ঢাকা;
৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৭। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/ উচ্চশক্তি প্রেরণকেন্দ্র-৫, কাহালু, বগুড়া;
৮। পরিচালক, চট্টগ্রাম/ লিয়াজোঁ/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা;
৯। আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী/ আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার,চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/কক্সবাজার/ রাঙামাটি/বান্দরবান/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ ময়মনসিংহ ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা;
১০। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা;
১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
১৪। নথি।

১৯-০৩-২০২৪
কামাল আহমেদ
উপমহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:০২-৪৪৮১৩০২৯